Sri Ramkrishna Ashrama Institute

প্রিপ্যারেটরী - বাংলা

ফলের কথা - বই-পাতা -৬৩

ভাল করে কবিতা টি পড়বে

ফল - অনুচ্ছেদ

১) কয়েকটি ফলের নাম বল.

উঃ আম, জাম, কমলালেবু, আপেল, বাদাম, সুপারী, পেয়ারা, লিচু।

২) একবীজ ফল কাকে বলে?

উঃ যে সব ফলের একটি মাত্র দানা বা বীজ থাকে, তাকে একবীজ ফল বলে। যেমন -আম, জাম।

৩) বহুবীজ ফল কাকে বলে?

উঃ যে সব ফলের একের বেশি দানা বা বীজ থাকে, তাকে বহুবীজ ফল বলে। যেমন - কমলালেবু।

৪) রসাল ও নীরস ফল বলতে কি বোঝ?

উঃ যে সব ফলের রস আছে তাকে বলে রসাল ফল। যেমন – লিচু।
যে সব ফলের রস নেই তাকে নীরস ফল বলে। যেমন – বাদাম।

৫) ফলের কটা অংশ ও কি কি?

উঃ ফলের তিনটি অংশ – খোসা (ফলের উপরের অংশ), শাঁস (খোসার নিচে), বীজ (শাঁসের ভিতরে থাকে)।

৬) ফলের স্বাদ কেমন?

উঃ কাঁচা ফলের স্বাদ টক ও পাকা ফলের স্বাদ মিষ্টি। এটি সুস্বাদু ও পুষ্টিকর।

৭) ফল আমাদের কি কাজে লাগে?

উঃ ফল আমাদের নানা কাজে লাগে – জ্যাম, জেলি, আচার তৈরি করতে।

প্রশ্ন- বাড়ির কাজ

১) বাদাম, পেয়ারা, সুপারী – এদের মধ্যে নীরস ফল কোন দুটি?

২) তোমার জানা রসাল ফলের উপর চারটি বাক্য লেখ।

অনুচ্ছেদের নমুনা –

কমলালেবু

কমলালেবু একটি রসাল ও বহুবীজ ফল।

ইহার তিনটি অংশ খোসা, শাঁস ও বীজ।

কাঁচা কমলালেবু টক, পাকা কমলালেবু মিষ্টি।

এটি সুস্বাদু ও পুষ্টিকর, ইহা থেকে জ্যাম, জেলি, আচার তৈরি হয়।